গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং-০৫.৪৩.৭০১৮.০০০.০৪.০০১.২৩- ৯২৬ তারিখঃ ০১/০২/২০২৩ খৃ.

# হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিস্টাব্দে জারীকৃত 'সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা' এবং স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ কর্তৃক ২১.০২.২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮ নম্বর স্মারকে জারীকৃত'সরকারি হাট-বাজারসমূহের ইজারা প্রদানের লক্ষ্যে সরকারী মূল্য পুনঃনির্ধারণ' সংক্রান্ত পরিপত্রের আলোকে ভোলাহাট উপজেলার নিম্নোক্ত হাট-বাজার বাংলা ১৪৩০ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সর্বসাধারণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। শর্ত সম্বলিত দরপত্র ফরম/সিডিউল দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্ব কর্মদিবস পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) এ কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা ভূমি অফিস, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ, সোনালী ব্যাংক লিঃ, ভোলাহাট শাখা ও ভোলাহাট থানা, চাঁপাইনবাবগঞ্জ হতে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্রসমূহ দরপত্র দাখিলের নির্ধারিত দিন সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত এ কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ/উপজেলা ভূমি অফিস, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রদাতাকে খামের উপর হাট-বাজারের নাম উল্লেখ করতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

| ক্র: নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন | সিডিউলের মূল্য | কাঙ্ক্ষিত সরকারিমূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের ধার্য তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সাঠিয়ার বাজার | ভোলাহাট | হাট বসে না | হাট বসে না | ১ম পর্যায়ে ২৮/০২/২০২৩ ইং<br>২য় পর্যায়ে ১৪/০৩/২০২৩ ইং<br>৩য় পর্যায়ে ২৮/০৩/২০২৩ ইং | ১ম পর্যায়ে ০১/০৩/২০২৩ ইং<br>২য় পর্যায়ে ১৫/০৩/২০২৩ ইং<br>৩য় পর্যায়ে ২৯/০৩/২০২৯ ইং<br><br>১ম পর্যায়ে সমস্ত হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না সেগুলোর ২য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে এবং এভাবে শেষ তারিখ পর্যন্ত চলতে থাকবে। এর জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি দেয়া হবে না। |
| ০২ | ভোলাহাট বাসস্ট্যান্ড বাজার | ভোলাহাট | ১,০০০/- | ১,১৫,০৬৩/- | | |
| ০৩ | ফুটানী বাজার | ভোলাহাট | ১,০০০/- | ১,৯৬,০০৩/- | | |
| ০৪ | ইমামনগর বাজার | ভোলাহাট | ১,০০০/- | ১,৮৫,১৮২/- | | |
| ০৫ | গোহালবাড়ী হাট | গোহালবাড়ী | ৯,৮০০/- | ৪৫,৯৬,৬৫৫/- | | |
| ০৬ | মুন্সিগঞ্জ হাট | গোহালবাড়ী | ৫০০/- | ৫০,১০৩/- | | |
| ০৭ | কানার হাট | গোহালবাড়ী | ৫০০/- | ৪৬,১৮১/- | | |
| ০৮ | সুরানপুর বাজার | গোহালবাড়ী | ৫০০/- | ৫৭,৫৩২/- | | |
| ০৯ | মেডিকেল মোড় বাজার | দলদলী | ২,০০০/- | ৬,০৭,৯৬৩/- | | |
| ১০ | পীরগাছি বাজার | দলদলী | ৫০০/- | ৬,৫৫৫/- | | |
| ১১ | খালেআলমপুর হাট | দলদলী | ৫০০/- | ১৩,৬৪০/- | | |
| ১২ | মুশরীভুজা হাট | দলদলী | ৫০০/- | ৪৪,৮৮২/- | | |
| ১৩ | বড়গাছি হাট | জামবাড়ীয়া | ১,৬০০/- | ৪,৮৫,২৭৪/- | | |

০১.০২.২০২৩

(উম্মে তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল নাম্বার: ০১৩১৮৩২০১৪১
ই-মেইল : unobholahat@mopa.gov.bd

E:\TOHRUL ISLAM\হাট বাজার ইজারা 1430\হাট-বাজার ইজারা বন্দবস্তো-১৪২৯.docx

## ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জের অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে, অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার পর ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায় হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (আয়কর ও ভ্যাটসহ) পরিশোধের তিন কার্যদিবসের মধ্যে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংক্ষরণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলো ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

এতদব্যতীত সরকার কর্তৃক বিভিন্ন সময় আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে।

০৭.০২.২০২৩

উল্লিখিত শর্তসমূহ পালন সাপেক্ষে দরপত্র দাখিল করলাম

(উম্মে তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

দরদাতার নাম ও স্বাক্ষর